

রাজশাহী বিশ্ববিদ্যালয়  
১ম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা, ২০১৮-২০১৯  
E ইউনিট (আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট) (গ্রুপ: 1 & 2)

মেমো নং- ৩৭২/সা.বি.অ./১৩৫-১১

তারিখ:- ০৬/১২/২০১৮

ভর্তি বিজ্ঞপ্তি

২০১৮-১৯ শিক্ষাবর্ষে E ইউনিটে আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট গ্রুপ: 1 & 2-এ ১ম বর্ষ (সম্মান) শ্রেণীতে ভর্তির নিমিত্তে ইউনিটভুক্ত বিভাগের জন্য অপেক্ষমান তালিকা থেকে মেধাক্রম অনুসারে নির্বাচিত প্রার্থীদের ৩য় তালিকা প্রকাশ করা হলো।

নির্বাচিত প্রার্থীদের ভর্তির সময়সীমা ০৯-১২-২০১৮ থেকে ১৩-১২-২০১৮ তারিখ বিকাল ৪-০০ টা পর্যন্ত। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীগণ ০৯-১২-২০১৮ তারিখ থেকে স্ব-স্ব বিভাগ/ইনস্টিটিউটে সাক্ষাৎকার প্রদান করবে। সাক্ষাৎকারের পর প্রার্থীদেরকে বিভাগ/ইনস্টিটিউটের সুপারিশসহ (প্রবেশপত্রের অপর পৃষ্ঠায় স্বাক্ষর ও সীলমোহরসহ) ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফি ৳ ৩৭২৫/- প্রদানপূর্বক Trx ID এবং রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত Tracking ID ব্যবহার করে ভর্তি ফরম পূরণ ও ডাউনলোড করে প্রার্থীর স্বাক্ষরসহ তা সামাজিক বিজ্ঞান অনুষদ অফিসে ১৩-১২-২০১৮ তারিখ বিকাল ৪-০০ টার মধ্যে জমা দিতে হবে।

ভর্তিকৃত ছাত্র-ছাত্রী তাদের নাম, ভর্তি পরীক্ষার রোল নম্বর, (গ্রুপ: 1 & 2), বিভাগের নাম ও মোবাইল নম্বরসহ নিম্নোক্ত ডকুমেন্টগুলো A4 সাইজের খামে জমা দিতে হবে:

- (ক) ছাত্র-ছাত্রী কর্তৃক স্বাক্ষরিত এক কপি ভর্তি ফরম (A4 সাইজ, অফসেট কাগজে);
- (খ) এস.এস.সি/সম্মান পরীক্ষার মূল মার্কস সার্টিফিকেট;
- (গ) এইচ.এস.সি/সম্মান পরীক্ষার মূল মার্কস সার্টিফিকেট;
- (ঘ) এইচ.এস.সি পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড;
- (ঙ) বিভাগ কর্তৃক যাচাইকৃত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।

ভর্তির পর ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে শূন্য আসনে (যদি থাকে) স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন করা হবে। কোন প্রার্থী বিভাগ পরিবর্তন করতে না চাইলে রা.বি. ওয়েব সাইটের নিদিষ্ট অপশনে তা বন্ধ করতে হবে। অন্যথায়, বিভাগ পরিবর্তন হয়ে গেলে কোন অবস্থাতেই পূর্বের বিভাগে ফেরত যাওয়া যাবে না।

প্রয়োজনে ভিজিট করুন: [www.ru.ac.bd/admission](http://www.ru.ac.bd/admission)

(প্রফেসর ড. মো: ফখরুল ইসলাম)

চীফ কো- অর্ডিনেটর

E - ইউনিট (আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)

১ম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা, ২০১৮-২০১৯

ও

ডীন

সামাজিক বিজ্ঞান অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়।